# উপজেলা পরিষদের এপ্রিল ২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : অমিত রায়
উপজেলা নির্বাহী অফিসার,
ও
প্রশাসক,
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা,
হাকিমপুর, দিনাজপুর

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ,
হাকিমপুর, দিনাজপুর।

তারিখ : ১৬/০৪/২০২৫ খ্রিঃ সময়ঃ বেলা ১১.০০টায়

**উপস্থিত সদস্যগণের স্বাক্ষর পরিশিষ্ট "ক"তে, এবং অনুপস্থিত সদস্যগণের নাম পরিশিষ্ট "খ" তে, দেখানো হলো।**

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন জনাব অমিত রায়, উপজেলা নির্বাহী অফিসার, ও প্রশাসক, উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর। সভার শুরুতে সভাপতি মহোদয় স্বাগত বক্তব্য দিয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের এপ্রিল ২০২৫ মাসের মাসিক সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি সভার পরবর্তী কার্যক্রম আলোচ্যসূচী অনুযায়ী উপস্থাপন করেন। প্রশাসক গত মাসের কার্যবিবরণী পাঠ করে শোনান। সভায় আর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। অন্যান্য আলোচ্য বিষয়ের উপর বিস্তারিত আলোচনার পর সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচ্য বিষয় :

১. বিগত মাসিক সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২. বিবিধ

**আলোচনা ও সিদ্ধান্ত :**

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | **স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস** | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বর্ষা মৌসুমে ডেঙ্গু এবং সাপে কাটা রোগীর সংখ্যা বৃদ্ধি পাওয়ার আশঙ্কা রয়েছে। তিনি প্রশাসক, হাকিমপুর পৌরসভা হাকিমপুর, দিনাজপুরকে ডেঙ্গুর বিস্তার রোধে মশা নিধনের জন্য অনুরোধ জানান এবং উপজেলা তথ্য আপাকে উঠান বৈঠকে ডেঙ্গু বিষয়ে সচেতনতা মূলক পরামর্শ প্রদান করার জন্য অনুরোধ করেন।<br>তবে সাপে কাটা রোগিদের জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স "এন্টিভেনম" মজুদ রয়েছে। তাই কোন রোগীকে সাপে কাটলে দেরী না করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হওয়ার জন্য অনুরোধ জানান। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তবে তীব্র ডাক্তার সংকটের কারণে চিকিৎসাসেবা ব্যাহত হচ্ছে। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর সরকারি বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা হাকিমপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ২. | **উপজেলা কৃষি অফিস** | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে রবি মৌসুমে বোরো আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৭৬২৩ হেক্টর । বর্তমানে হাকিমপুর উপজেলায় ৭৬২৪ হেক্টর জমিতে বোরোর আবাদ হয়েছে। আগামী মে ২০২৫ মাসের প্রথম সপ্তাহে বোরো ধান কর্তন শুরু হবে। বর্তমানে মাঠে আউশ বীজতলা এবং আউশ ফসলের রোপণের কার্যক্রম চলমান রয়েছে বলে সভায় অবহিত করেন।<br>তিনি আরও জানান যে, খরিপ-১ মৌসুমের পাট, গ্রীষ্মকালীন, সবজি, মুগডাল, ভূট্টা ও বিভিন্ন ফলবাগানে আম ও লিচুর ফলের বৃদ্ধি জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।ইহা ছাড়াও ব্লক পর্যায়ে উপ-সহকারি কৃষি কর্মকর্তাগণ বাগানগুলোতে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেছেন। উপজেলা কৃষি অফিসের দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর সরকারি বিধি মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার |
| ৩. | **উপজেলা প্রাণিসম্পদ অফিস** | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, চলতি মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ করা হয়েছে ৫১০ টি , ইহাছাড়াও গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে ১৯৬৬ টি এবং খামারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে [illegible] জনকে। | **সিদ্ধান্ত :** সভায় বিস্তারিত আলোচনার পর সরকারি বিধি মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তিনি আরও জানান যে, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবন মান উন্নয়নের জন্য চলমান প্রকল্পের মধ্যেমে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং এর কার্যক্রম চলমান রয়েছে।<br>তিনি আরও জানান যে, চলতি মাসে এ উপজেলার বিভিন্ন গ্রামে কয়েকটি উঠান বৈঠক করা হয় এবং উঠান বৈঠক সমূহে মাঠে বিদ্যমান লাম্পি স্কিন ডিজিজ প্রতিরোধ সচেতনতা কার্যক্রম চলমান রয়েছে। তবে বাজারে উক্ত রোগের ভ্যাকসিন সরবরাহ রাখার জন্য প্রচেষ্টা চলছে বলে সভায় অবহিত করেন। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | | |
| ৪. | হাকিমপুর থানা সংক্রান্ত | অফিসার ইন-চার্জ, হাকিমপুর থানা, দিনাজপুর সভায় জানান যে, হাকিমপুর উপজেলায় সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। হাকিমপুর উপজেলায় পবিত্র ঈদুল ফিতর ও পহেলা বৈশাখ সুষ্ঠুভাবে পালন করায় সভায় সন্তোষ প্রকাশ করেন। চলতি মাসে হাকিমপুর থানায় মোট ১৬ মামলা রুজু করা হয়েছে। এর মধ্যে অধিকাংশ মামলা মাদক সংক্রান্ত হয়েছিল। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর সরকারি বিধি মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করার জন্য অফিসার ইনচার্জ, হাকিমপুর থানাকে অনুরোধ করা হলো। | অফিসার ইনচার্জ-, হাকিমপুর |
| ৫. | মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, গত মাসে একটি কারেন্ট জাল জব্ধ করা হয়েছে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর সরকারি বিধি মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬. | উপজেলা সমাজ সেবা অফিস | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, হাকিমপুর উপজেলায় ০১ (এক) জন ভিক্ষুককে পুনর্বাসন করার নিমিত্ত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। প্রাপ্ত বরাদ্দ দিয়ে ভিক্ষুকের তালিকা হতে মাঠকর্মীদের মাধ্যমে need Based Assessment এর মাধ্যমে উক্ত কমিটি'র সভাপতির নিকট সম্ভাব্য পুনর্বাসনযোগ্য ভিক্ষুকের সংক্ষিপ্ত বর্ননা ও তালিকা উপস্থাপন করা হবে।<br>তিনি আরও জানান যে, সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতাভুক্ত ১০,৪০৫ জন উপকারভোগীর ২০২৪-২০২৫ অর্থবছরের ৪র্থ কিস্তির পেরোল তালিকা প্রেরণের নিমিত্ত যাচাই এর কার্যক্রম চলমান রয়েছে।<br>তিনি আরও জানান যে, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অন্তর্ভুক্ত জনগোষ্ঠীর ২৫ জন শিক্ষার্থী ও ২৫ জন অসহায় ব্যক্তির তালিকা সম্পন্ন করা হয়েছে। জনপ্রতি ২০০০/- (দুই হাজার) টাকা হারে মোট ১,০০,০০০ (এক লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। দ্রুত বিতরণের ব্যবস্থা নেয়া হবে বলে সভায় অবিহত করেন এবং তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা সমাজ সেবা কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ৭. | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, হাকিমপুর উপজেলার ৪৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সিলিফ এর প্রথম কিস্তির টাকা প্রদান করা হয়েছে।<br>তিনি আরও জানান যে, এ উপজেলায় চারটি সরকারি বিদ্যালয়ে নতুন ভবন ও ওয়াশ ব্লক নির্মাণের কাজ শুরু হয়েছে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা |
| ৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলার মাধ্যমিক বিদ্যালয় এবং দাখিল মাদ্রাসার ২০২৫ শিক্ষা বর্ষের বিনামূল্যের পাঠ্যপুস্তক আসা ও বিতরণের কর্যক্রম সমাপ্ত হয়েছে এবং ২০২৬ শিক্ষা বর্ষের বিনামূল্যের পাঠ্যপুস্তক এর চাহিদা ইতোপূর্বে প্রেরণ করা হয়েছে। তবে এমপিও ভূক্ত সকল মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক ও কর্মচারীদের ইএফটির মাধ্যমে বিল প্রদানের সকল কার্যক্রম চলমান রয়েছে।<br>তিনি আরও জানান যে, গত ১০/০৪/২০২৫ খ্রি: তারিখ হতে এস.এস.সি, দাখিল এবং ভকেশনাল পরীক্ষা শুরু হয়েছে। | **সিদ্ধান্ত :** সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | | |
| ৯. | **উপজেলা মহিলা বিষয়ক অফিস** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, ২০২৫-২০২৬ ভিডব্লিউবি চক্রের ভাতাভোগী নির্বাচনের সার্ভার এখনো খুলে দেয় নাই। তবে আশাকরা হচ্ছে খুব শীঘ্রই সার্ভার খুলে দেয়া হবে। তবে সার্ভার খুলে দিলেই আবেদনকারীরা আবেদন করতে পারবে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ভাতাভোগী নির্বাচনের কাজ চলমান রয়েছে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১০. | **উপজেলা যুব উন্নয়ন অফিস** | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, এ পর্যন্ত এ উপজেলায় যুবক যুবতীদের ১০টি ব্যাচ এর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বর্তমানে ঋণ আদায়ের পরিমাণ প্রায় ৯০%। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১১. | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তর/বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হচ্ছে না। | **সিদ্ধান্ত:** আগামী এপ্রিল ২০২৫ মাসের মাসিক সভায় উপস্থিত হয়ে তাঁর বিভাগ/দপ্তর সম্পর্কে আলোচনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা হাকিমপুর, দিনাজপুর কে, অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১২. | **উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) অফিস** | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান যে, হাকিমপুর পৌরসভায় দুইটি লাইনে পানি সরবরাহের কথা থাকলেও একটি লাইনের কাজ সমাপ্ত হয়েছে এবং অপর একটি পানি সরবরাহ লাইনের কাজ চলমান রয়েছে।<br>তিনি আরও জানান যে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর হতে যে সমস্থ সাবমারসিবল, এবং টিউবয়েল পাওয়া গেছে, উক্ত টিউবয়েল এবং সাবমারসিবল এর স্থান নির্বাচন করা হয়েছে। তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য এবং হাকিমপুর পৌরসভার পানির লাইনের কাজ গুনগতমান ঠিক রেখে দ্রুত সমাপ্ত করার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জন স্বাস্থ্যকে অনুরোধ করা হলো । | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৩. | **উপজেলা সমবায় অফিস** | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, হাকিমপুর উপজেলার ৫৫টি সমিতির অডিটসহ অন্যান্য সকল কার্যক্রম ইতোপূর্বে সম্পন্ন করা শেষে সরকারী রাজস্ব আদায়ের জন্য জিপিএফ, অডিট ফি, এবং ভ্যাট গ্রহণ শেষে স্ব-স্ব খাতে জমা প্রদান করা হয়েছে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৪. | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পল্লী উন্নয়ন অফিসে দীর্ঘদিন থেকে সহকারী পল্লী উন্নয়ন অফিসার এবং হিসাব রক্ষণ কর্মকর্তা পদ দুইটি শূন্য থাকায় অফিসের সকল কার্যক্রম ত্বরান্বিত করা অনেক কষ্ট হচ্ছে বলে সভায় অবহিত করেন। ঋণ বিতরণ এবং আদায়ের সকল কার্যক্রম চলমান রয়েছে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো এবং জোড়াবাড়ীর ভাড়ার বিষয়টি নিশ্চিত করবেন। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৫. | **উপজেলা বন অফিস** | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত :** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৬ | **উপজেলা খাদ্য অফিস** | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক হাকিমপুর, দিনাজপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তর/বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হচ্ছে না। | **সিদ্ধান্ত:** আগামী মে ২০২৫ মাসের মাসিক সভায় উপস্থিত হয়ে তাঁর বিভাগ/দপ্তর সম্পর্কে আলোচনা করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক হাকিমপুর, দিনাজপুর কে, অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৭. | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস** | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, হাকিমপুর উপজেলায় মোট সক্ষম দম্পতির সংখ্যা প্রায় ২২,১৬৮ জন। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৮. | **উপজেলা নির্বাচন অফিস** | উপজেলা নির্বাচন কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তর/বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হচ্ছে না। | **সিদ্ধান্ত:** আগামী মে ২০২৫ মাসের মাসিক সভায় উপস্থিত হয়ে তাঁর বিভাগ/দপ্তর সম্পর্কে আলোচনা করার জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তা হাকিমপুর, | উপজেলা নির্বাচন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯. | উপজেলা আইসিটি কর্মকর্তা | আইসিটি কর্মকর্তা হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত :** সভায় বিস্তারিত আলোচনার পর চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা আইসিটি কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | আইসিটি কর্মকর্তা হাকিমপুর |
| ২০. | সহকারী প্রকৌশলী BMDA | সহকারী প্রকৌশলী BMDA হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, ভূ-পরিস্থ পানি উন্নয়ন প্রকল্পের আওতায় BMDA জোনাল অফিস ভবন নির্মাণ এর কাজ সম্পন্ন হয়েছে। উক্ত অফিস ভবনটি অদ্য "শুভ উদ্বোধন" করেন প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর এঁর সঙ্গে উপস্থিত ছিলেন হাকিমপুর উপজেলার সকল কর্মকর্তা বৃন্দ। BMDA সকল সেচ কার্যক্রম এবং তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য সহকারী প্রকৌশলী BMDA কে অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী, BMDA |
| ২১. | উপজেলা আনসার ভিডিপি অফিস | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তার সভায় জানান যে, গ্রাম ভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণ (পুরুষ ও মহিলা) ২০২৫ এ বোয়ালদাড় ইউনিয়নে কন্দর্পপুর মাদাসায় ইতোপূবেই শেষ হয়েছে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত :** সভায় বিস্তারিত আলোচনার পর চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা |
| ২২. | পল্লী সঞ্চয় ব্যংক | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যংক, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, উপজেলা পল্লী সঞ্চয় ব্যংক এর ঋণ আদায় সন্তোষ জনক। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত :**চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যংক, হাকিমপুর কে অনুরোধ করা হলো। | শাখা ব্যবস্থাপক , উপজেলা পল্লী সঞ্চয় ব্যংক |
| ২৩ | তথ্য আপা অফিস | উপজেলা তথ্য আপা কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, চলতি বছরের জানুয়ারি ২০২৫ মাস থেকে উঠান বৈঠক এর কাজ চলমান আছে। তবে ফেব্রুয়ারি ২০২৫ মাসের উঠান বৈঠক শেষ হয়েছে এবং মার্চ ও এপ্রিল ২০২৫ মাসে উঠান বৈঠকের কাজ চলমান রয়েছে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা তথ্য আপা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | তথ্য আপা কর্মকর্তা |
| ২৪. | উপজেলা পল্লী দারিদ্য বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্য বিমোচন ফাউন্ডেশনের কর্মকর্তা সভায় জানান যে, এ কার্যালয়ে ০৫টি কর্মকান্ডে মোট ২৪,১১,০০০/- (চব্বিশ লক্ষ এগারো হাজার) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। চলতি মাসে ঋণ আদায়ের হার প্রায় ৯৫% বলে সভায় অবিহত করেন। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা পল্লী দারিদ্য বিমোচন ফাউন্ডেশনের কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী দারিদ্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা |
| ২৫. | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা পরিসংখ্যান তদন্তকারীকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ২৬. | সহকারী জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ অফিস | সহকারী জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি-২ ইনচার্জ হিলি এরিয়া, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, যে সমস্ত সরকারী অফিসে বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে উক্ত টাকা পরিশোধের জন্য সভায় অবিহত করেন এবং তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য সহকারী জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি-২ ইনচার্জ হিলি এরিয়াকে অনুরোধ করা হলো। | পল্লী বিদ্যুৎ সমিতি-২ ইনর্চাজ হিলি এরিয়া। |
| ২৭. | সেটেলমেন্ট অফিস | উপজেলা সহকারী সেটেলমেন্ট কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তর/বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হচ্ছে না। | **সিদ্ধান্ত:** আগামী মে ২০২৫ মাসের মাসিক সভায় উপস্থিত হয়ে তাঁর বিভাগ/দপ্তর সম্পর্কে আলোচনা করার জন্য উপজেলা সেটেলমেন্ট কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা সহকারী সেটেলমেন্ট কর্মকর্তা হাকিমপুর |
| ২৮. | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সটাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, হাকিমপুর, দিনাজপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তর/বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হচ্ছে না। | **সিদ্ধান্ত:** আগামী মে ২০২৫ মাসের মাসিক সভায় উপস্থিত হয়ে তাঁর বিভাগ/দপ্তর সম্পর্কে আলোচনা করার জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, হাকিমপুর কে অনুরোধ করা হলো। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, হাকিমপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৯. | ফিল্ড সুপার ভাইজার ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, হাকিমপুর দিনাজপুর, সভায় জানান যে, চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে যাকাত উত্তোলনের জন্য উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, দিনাজপুর নির্দেশনা প্রদান করার প্রেক্ষিতে এ উপজেলায় ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা উত্তোলন করা হয়েছে এবং উক্ত টাকা সংশ্লষ্ট হিসাব নম্বরে জমা প্রদান করা হয়েছে। তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য ফিল্ড সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, হাকিমপুর দিনাজপুরকে অনুরোধ করা হলো। | ফিল্ড সুপার ভাইজার ইসলামিক ফাউন্ডেশন |
| ৩০ | উপজেলা হিসাব রক্ষণ অফিস | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তর/বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হচ্ছে না। | **সিদ্ধান্ত:** আগামী মে ২০২৫ মাসের মাসিক সভায় উপস্থিত হয়ে তাঁর বিভাগ/দপ্তর সম্পর্কে আলোচনা করার জন্য উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, হাকিমপুর কে অনুরোধ করা হলো। | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ৩১. | উপজেলা প্রকৌশী অফিস | ১.১ উপজেলা প্রকৌশলী, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে চলতি বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় সকল প্রকল্প অনুমোদন সাপেক্ষে প্রথম পর্যায়ের (পিআইসির) কাজ চলমান রয়েছে এবং দ্বিতীয় পর্যায়ের লটরী আগামী ২৪/০৪/২০২৫ খ্রি: তারিখে অনুষ্ঠিত হবে এবং তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।<br>১.২ তিনি আরও জানান যে, চলতি বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় (এডিপির) ২০২৪-২০২৫ অর্থ বছরে ১নং খট্টামাধবপাড়া ইউনিয়নের সাতকুড়ি আলমের পুকুর হতে হবিবরের পুকুর পর্যন্ত গাইড ওয়াল নির্মাণ বাবদ = ২,৫০,৯৭২/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার নয়শত বাহাত্তর) টাকা ধরে প্রকল্প্র গ্রহণ এবং টেন্ডার প্রদান করা হলেও উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস হতে উক্ত গাইড ওয়াল নির্মাণ করা হয়েছে। তাই উক্ত গাইড ওয়াল এর পরিবর্তে এবং সমপরিমাণ অর্থ দিয়ে মাধবপাড়া গ্রামের শাহিনুরের খামার হতে মসজিদপর্যন্ত রাস্তায় ডাবল সলিং গ্রহণকৃত প্রকল্পের সড়কে মসজিদের নিকট গাইডওয়াল নির্মাণ করার জন্য সভায় অবহিত করেন। | **সিদ্ধান্ত:** ১.১ চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার এবং ২০২৪-২০২৫ অর্থ বছরে চলতি বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় সকল প্রকল্পের কাজ গুনগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার জন্য উপজেলা প্রকৌশলী, হাকিমপুরকে অনুরোধ করা হলো।<br>১.২ চলতি বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় (এডিপির) ২০২৪-২০২৫ অর্থ বছরে ১নং খট্টামাধবপাড়া ইউনিয়নের সাতকুড়ি আলমের পুকুর হতে হবিবরের পুকুর পর্যন্ত গাইড ওয়াল নির্মাণ এর পরিবর্তে ও সমপরিমাণ অর্থ দিয়ে মাধবপাড়া গ্রামের শাহিনুরের খামার হতে মসজিদ পর্যন্ত রাস্তায় ডাবল সলিং গ্রহণকৃত প্রকল্পের সড়কে মসজিদের নিকট গাইডওয়াল নির্মাণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা পরিষদ ও উপজেলা প্রকৌশলী |
| ৩২. | ১নং খট্টামাধবপাড়া ইউনিয়ন পরিষদ | প্যানেল চেয়ারম্যান, ১নং খট্টামাধবপাড়া ইউনিয়ন পরিষদ, হাকিমপুর, দিনাজপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তর/বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হচ্ছে না। | **সিদ্ধান্ত:** আগামী মে ২০২৫ মাসের মাসিক সভায় উপস্থিত হয়ে তাঁর বিভাগ/দপ্তর সম্পর্কে আলোচনা করার জন্য প্যানেল চেয়ারম্যান ১নং খট্টামাধবপাড়া ইউনিয়ন পরিষদ, হাকিমপুর কে অনুরোধ করা হলো। | প্যানেল চেয়ারম্যান ১নং খট্টামাধব পাড়া ইউনিয়ন পরিষদ, হাকিমপুর |
| ৩৩. | ২নং বোয়ালদাড় ইউনিয়ন পরিষদ | প্যানেল চেয়ারম্যান ২নং বোয়ালদাড় ইউনিয়ন পরিষদ, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য প্যানেল চেয়ারম্যান ২নং বোয়ালদাড় ইউনিয়ন পরিষদ হাকিমপুরকে অনুরোধ করা হলো। | প্যানেল চেয়ারম্যান ২নং বোয়ালদাড় ইউনিয়ন পরিষদ, হাকিমপুর |
| ৩৪ | ৩নং আলীহাট ইউনিয়ন পরিষদ | প্যানেল চেয়ারম্যান ৩নং আলীহাট ইউনিয়ন পরিষদ, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য প্যানেল চেয়ারম্যান ৩নং আলীহাট ইউনিয়ন পরিষদ হাকিমপুরকে অনুরোধ করা হলো। | প্যানেল চেয়ারম্যান ৩নং আলীহাট ইউনিয়ন পরিষদ, হাকিমপু |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৫. | বিবিধ-১ | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, হাকিমপুর উপজেলা পরিষদের ২০২৪-২০২৫অর্থ বছরে এডিপি প্রকল্পের ই-টেন্ডারের পত্রিকার “বিজ্ঞাপন বিল” গত ২২/০১/২০২৫ খ্রি: তারিখে “মুসলিম টাইম্স” প্রত্রিকায় প্রকাশ করা হয়। উক্ত পত্রিকার পত্রিকার “বিজ্ঞাপন বিল” এর খরচ বাবদ ৫% আইটি ব্যতিত ১২,৬৯৬/- (বারো হাজার ছয়শত ছিয়ানব্বই) টাকার বিল এ কার্যালয়ে দাখিল করিয়াছেন। দাখিলকৃত বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অবহিত করেন। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনান্তে হাকিমপুর উপজেলা পরিষদের ২০২৪-২০২৫অর্থ বছরে এডিপি প্রকল্পের ই-টেন্ডারের পত্রিকার “বিজ্ঞাপন বিল” গত ১০/০৩/২০২৫ খ্রি: তারিখে “মুসলিম টাইম্স” প্রত্রিকায় প্রকাশ করা হয়। উক্ত পত্রিকার পত্রিকার “বিজ্ঞাপন বিল” এর খরচ বাবদ ৫% আইটি ব্যতিত ১২,৬৯৬/- (বারো হাজার ছয়শত ছিয়ানব্বই) টাকার বিল এ কার্যালয়ে দাখিল করিয়াছেন। দাখিলকৃত বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(অমিত রায়)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা
হাকিমপুর, দিনাজপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
হাকিমপুর, দিনাজপুর
www.hakimpur.dinajpur.gov.bd

স্মারক নং- ৪৬.৫৫.২৭৪৭.০০০.০৫.০০১.১৯-৩৭(৫০) তারিখঃ ১৬ এপ্রিল ২০২৫

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রংপুর
৩. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর
৪. জেলা প্রশাসক, দিনাজপুর
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. উপজেলা .................................................কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর
২. চেয়ারম্যান.........................................(সকল) ইউ,পি, হাকিমপুর, দিনাজপুর

উপজেলা নির্বাহী অফিসার
হাকিমপুর, দিনাজপুর
ফোন-০৫৩২৯-৭৫০০৩
e-mail-unohakimpur@mopa.gov.bd

**পরিশিষ্ট-“ক”**

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্র: নং | নাম/পদবী | ক্র:নং | নাম/পদবী |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ১৮. | সহকারী প্রকৌশলী বিএমডিএ, হাকিমপুর |
| ২. | সহকারী কমিশনার (ভূমি), হাকিমপুর | ১৯. | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, হাকিমপুর, দিনাজপুর |
| ৩. | প্রশাসক, হাকিমপুর পৌরসভা, হাকিমপুর, দিনাজপুর | ২০. | সহকারী জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি-২ ইনচার্জ হিলি (হাকিমপুর) এরিয়া, হাকিমপুর |
| ৪. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, হাকিমপুর | ২১. | উপজেলা দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, হাকিমপুর |
| ৫. | উপজেলা কৃষি অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২২. | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ৬. | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২৩. | উপজেলা সমবায় কর্মকর্তা, হাকিমপুর |
| ৭. | উপজেলা প্রকৌশলী, হাকিমপুর | ২৪. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৮. | অফিসার ইন-চার্জ, হাকিমপুর থানা, হাকিমপুর | ২৫. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর |
| ৯. | উপজেলা সমাজসেবা অফিসার, হাকিমপুর | ২৬. | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১০. | উপজেলা মৎস্য অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২৭. | উপজেলা পরিসংখ্যান, অফিসার, হাকিমপুর |
| ১১. | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২৮. | উপজেলা বন কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর |
| ১২. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাকিমপুর | ২৯. | তথ্য আপা কর্মকর্তা, হাকিমপুর |
| ১৩. | উপজেলা আইসিটি অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ৩০. | চেয়ারম্যান ১নং খট্টামাধবপাড়া ইউনিয়ন পরিষদ |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাকিমপুর | ৩১. | চেয়ারম্যান ২নং বোয়ালদাড় ইউনিয়ন পরিষদ |
| ১৫. | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, হাকিমপুর, দিনাজপুর | ৩২. | চেয়ারম্যান ৩নং আলীহাট ইউনিয়ন পরিষদ |
| ১৬. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হাকিমপুর | ৩৩. | |

**পরিশিষ্ট-"খ"**

**সভায় অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| ক্র: নং | নাম/পদবী | ক্র:নং | নাম/পদবী |
|---|---|---|---|
| ১. | সহকারী সেটেলমেন্ট অফিসার, হাকিমপুর | ৪. | |
| ২. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হাকিমপুর | ৫. | |
| ৩. | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার | ৬. | |